[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

পর্যায়ে গুণী শিক্ষক নির্বাচন কার্যক্রমের অংশ হিসেবে তাদের তালিকা প্রস্তুত করা হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর থেকে নির্বাচিত শিক্ষকদের তালিকা সদয় অবগতি ও পরবর্তী কার্যার্থে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে মাদক প্রতিরোধে যুব সমাজকে সম্পৃক্ত করার আহ্বান

মাদক প্রতিরোধে যুব সমাজকে সম্পৃক্ত করে সামাজিক আন্দোলন গড়ে তোলার আহ্বান জানিয়েছেন মেহেরপুরে অনুষ্ঠিত এক সেমিনারের বক্তারা।

মঙ্গলবার দুপুরে স্থানীয় সিডিপি (সেন্টার ফর ডেভেলপমেন্ট অ্যান্ড পিস) কার্যালয়ের কনফারেন্স হলে ‘মাদক প্রতিরোধে যুব সমাজের সম্পৃক্ততা’ শীর্ষক এ সেমিনার অনুষ্ঠিত হয়।

এডাব মেহেরপুর জেলা শাখার আয়োজনে অনুষ্ঠিত সেমিনারে সভাপতিত্ব করেন এডাবের সভাপতি আবুল কাসেম। প্রধান অতিথি ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার বাবলু সূত্রধর। এডাবের সদস্যসচিব জন প্রবঞ্জন বিশ্বাস সেমিনারটি সঞ্চালনা করেন।

সেমিনারে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক রাশেল আহমেদ, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হুমায়ুন কবির, সদর উপজেলা সমাজসেবা কর্মকর্তা আনিসুর রহমান, এডাবের বিভাগীয় সমন্বয়কারী রেজাউল করিম, সমাজসেবা কার্যালয়ের সহকারী পরিচালক আবু তালেব, সদর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন এবং সুবাহ সামাজিক উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক মইনুল হক বক্তব্য দেন।

প্রধান অতিথি বাবলু সূত্রধর বলেন, মাদক প্রতিরোধে প্রশাসনের পাশাপাশি যুব সমাজের সক্রিয় অংশগ্রহণ জরুরি। তরুণদের নিজেদের এলাকায় মাদকবিরোধী সচেতনতা তৈরিতে নেতৃত্ব দিতে হবে। মাদকের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তুলতে প্রশাসন প্রয়োজনীয়

সহযোগিতা করবে।

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক রাশেল আহমেদ বলেন, মাদক প্রতিরোধে সচেতনতার পাশাপাশি মাদক ব্যবসার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা অব্যাহত রয়েছে। মাদকের ক্ষতিকর দিক সম্পর্কে তরুণদের সচেতন করতে পরিবার ও শিক্ষাপ্রতিষ্ঠানকে আরও কার্যকর ভূমিকা রাখতে হবে।

সদর থানার ওসি হুমায়ুন কবির বলেন, মাদক প্রতিরোধে পুলিশের পাশাপাশি সাধারণ মানুষের সহযোগিতা প্রয়োজন। বিশেষ করে যুব সমাজ মাদকের বিরুদ্ধে সামাজিকভাবে অবস্থান নিলে এর বিস্তার রোধে তা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

সেমিনারে মাদকবিরোধী সামাজিক আন্দোলন জোরদার, যুবকদের ইতিবাচক কর্মকাণ্ডে সম্পৃক্ত করা এবং মাদকাসক্তদের চিকিৎসা ও পুনর্বাসনে সমন্বিত উদ্যোগ গ্রহণের ওপর গুরুত্ব দেওয়া হয়।

নিষিদ্ধ ছাত্রলীগের গাংনী উপজেলা সভাপতি ওয়াজ্জেল হোসেন গ্রেপ্তার

নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের গাংনী উপজেলা শাখার সভাপতি ওয়াজ্জেল হোসেনকে গ্রেপ্তার করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।

মঙ্গলবার যশোরে অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করা হয়েছে বলে জানা গেছে।

ওয়াজ্জেল হোসেন গাংনী উপজেলা ছাত্রলীগের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন।

নাগরিক সমাজের ব্যানারে জামায়াতের বিক্ষোভ কর্মসূচি

মেহেরপুরে সার ডিলার নিয়োগে অনিয়ম ও দলীয়করণের প্রতিবাদে মানববন্ধন ও জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি প্রদান করা হয়েছে।

মঙ্গলবার দুপুরে নাগরিক সমাজের উদ্যোগে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

এ সময় সার ডিলার নিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতা, নিরপেক্ষতা ও জবাবদিহিতা নিশ্চিত করার দাবি জানান তারা। মানববন্ধনে সচেতন নাগরিক সমাজের পক্ষে বক্তব্য দেন নুরু রহমান, তাওফিকুল ইসলাম ও আবুল হোসেন।

নুরু রহমান বলেন, মেহেরপুরে সার ডিলার নিয়োগে অনিয়ম করে প্রাথমিক বাছাই করা হয়েছে। নতুন করে যাচাই-বাছাই করে প্রকৃত যোগ্যদের নিয়োগ দেওয়ার দাবি জানাচ্ছি। এতে সাধারণ নাগরিক ও কৃষকরা সুবিধা পাবেন এবং সার বিতরণ নিয়মতান্ত্রিকভাবে হবে।

সচেতন নাগরিক হিসেবে আমাদের দাবি, আবেদনকারীদের মধ্যে যারা প্রকৃতপক্ষে সার ডিলার হওয়ার যোগ্য এবং রাজনৈতিক প্রভাবের ঊর্ধ্বে থেকে সার বিক্রির সক্ষমতা রাখেন, দল-মত নির্বিশেষে জনস্বার্থে তাদের বাছাই করে ডিলার নিয়োগ দিতে হবে।

তাওফিকুল ইসলাম বলেন, কতিপয় সরকারি দলের লোকের যোগসাজশে যোগ্য প্রার্থীদের বাতিল করে দলীয় একপেশে লোকদের নিয়োগ দেওয়ার যে পাঁয়তারা চলছে, তার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। একই সঙ্গে স্বচ্ছতা ও যোগ্যতার ভিত্তিতে সার ডিলার নিয়োগের দাবি জানাচ্ছি। নিয়োগ প্রক্রিয়া যখন গোপনে ও রাতের আঁধারে করা হয়, তখন মানুষের মধ্যে প্রশ্ন থেকে যায় এর মধ্যে কোনো ষড়যন্ত্র আছে কি না। রাতের আঁধারে ঘরে বসে স্বৈরাচারী কায়দায় সার ডিলার নিয়োগ দেওয়ার পাঁয়তারা চলছে।

পরে জেলা প্রশাসক বরাবর ছয় দফা দাবি সংবলিত স্মারকলিপি দেওয়া হয়।

দাবিগুলোর মধ্যে রয়েছে বাছাই কমিটিতে আবেদনকারী সার ডিলারদের প্রতিনিধিত্ব নিশ্চিত করা, যোগ্যতার ভিত্তিতে অগ্রাধিকার তালিকা প্রস্তুত ও প্রকাশ করা, অযোগ্য আবেদনকারীদের বাতিলের কারণ প্রকাশ করা এবং যোগ্য আবেদনকারীর সংখ্যা নির্ধারিত সংখ্যার বেশি হলে প্রকাশ্যে লটারির মাধ্যমে ডিলার নির্বাচন করা।

এ ছাড়া স্বচ্ছ প্রক্রিয়া নিশ্চিত না হলে সম্ভাব্য অনিয়মের বিষয়ে তদন্ত করা এবং কোনো রাজনৈতিক প্রভাবশালী ব্যক্তির পরিচয়ের ভিত্তিতে কাউকে বিশেষ সুবিধা না দেওয়ার দাবিও জানানো হয়।

মেহেরপুরে মেধাবী শিক্ষার্থীর পাশে হিউমেন ওয়েলফেয়ার ইউথ অ্যালায়েন্স

এসএসসি পরীক্ষায় এ+ অর্জন করেও আর্থিক অসচ্ছলতার কারণে কলেজে ভর্তি হতে পারছিল না এক মেধাবী শিক্ষার্থী। অর্থের অভাবে যেন তার শিক্ষাজীবন থেমে না যায়, সে লক্ষ্যে শিক্ষার্থীর পাশে দাঁড়িয়েছে হিউমেন ওয়েলফেয়ার ইউথ অ্যালায়েন্স।

সংগঠনের উদ্যোগে ওই শিক্ষার্থীকে গাংনী সন্ধানী কলেজের একাদশ শ্রেণির বিজ্ঞান বিভাগে ভর্তি করানো হয়েছে। পাশাপাশি তার পড়াশোনার যাবতীয় খরচ বহনের দায়িত্বও নিয়েছে সংগঠনটি।

এই মানবিক উদ্যোগে নেতৃত্ব দিচ্ছেন হিউমেন ওয়েলফেয়ার ইউথ অ্যালায়েন্সের সভাপতি ও প্রতিষ্ঠাতা সাইদ মাহফুজুর রহমান। এ উদ্যোগে সহযোগিতা করেছেন সাদিয়া আক্তার রিপা ও আহামেদ হুসাইন।

সংগঠনটির পক্ষ থেকে জানানো হয়, মেধাবী কোনো শিক্ষার্থী যেন শুধুমাত্র অর্থের অভাবে উচ্চশিক্ষা থেকে বঞ্চিত না হয়, সে লক্ষ্যে ভবিষ্যতেও এ ধরনের উদ্যোগ অব্যাহত রাখার চেষ্টা করা হবে।

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] (№.) [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

মেহেরপুরে গ্রীষ্মকালীন খেলাধুলায় সাঁতার প্রতিযোগিতায় অনিয়মের অভিযোগ

মেহেরপুর সদর উপজেলায় ৫৩তম গ্রীষ্মকালীন খেলাধুলার সাঁতার প্রতিযোগিতায় অনিয়মের অভিযোগ উঠেছে। প্রতিযোগিতায় রিলে সাঁতার অনুষ্ঠিত না হলেও ১৬টি রিলে সাঁতারের পুরস্কার গ্রহণ ও বিতরণ করা হয়েছে বলে অভিযোগ করেছেন বর্শিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আবুল কালাম।

এ ঘটনায় সংশ্লিষ্টদের জবাবদিহিতা ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর লিখিত অভিযোগ দিয়েছেন তিনি। গত ৭ সেপ্টেম্বর ২০২৬ তারিখে দেওয়া ওই অভিযোগে এসব তথ্য উল্লেখ করা হয়েছে।

অভিযোগে বলা হয়, গত ৩ সেপ্টেম্বর ২০২৬ তারিখে ৫৩তম গ্রীষ্মকালীন খেলাধুলার সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ওই প্রতিযোগিতায় বালক ও বালিকা কোনো রিলে সাঁতার অনুষ্ঠিত হয়নি। তবে পুরস্কার বিতরণের সময় সাঁতারে দায়িত্বপ্রাপ্ত কয়েকজন শারীরিক শিক্ষক রিলে সাঁতারের ১৬টি পুরস্কার গ্রহণ করেন।

অভিযোগে সাঁতারে দায়িত্বপ্রাপ্ত শিক্ষক হিসেবে আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের মো. শরিফ উদ্দীন, আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ফারাহ হোসেন, মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের মো. সোহেল রানা, হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয়ের আব্দুল কুদ্দুস এবং উজুলপুর মাধ্যমিক বিদ্যালয়ের মো. জাকারিয়ার নাম উল্লেখ করা হয়েছে।

প্রধান শিক্ষক মো. আবুল কালাম অভিযোগ করেন, যে খেলা অনুষ্ঠিতই হয়নি, সেই খেলার পুরস্কার কীভাবে বিতরণ করা হলো এ নিয়ে উপস্থিত প্রধান শিক্ষক ও অন্যান্য শিক্ষকরা বিস্মিত হন। তিনি বিষয়টিকে অনিয়ম ও দুর্নীতি হিসেবে উল্লেখ করে সংশ্লিষ্টদের বিরুদ্ধে জবাবদিহিতার পাশাপাশি দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

অভিযোগে আরও বলা হয়, সাঁতার প্রতিযোগিতার আহ্বায়ক মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. জাব্বারুল ইসলামও এ দায় এড়াতে পারেন না। বিষয়টি তাকে জানানো হলেও তিনি কোনো

কর্ণপাত করেননি বলে অভিযোগ করেন আবুল কালাম। পরে উপজেলা শিক্ষা অফিসারকে জানানো হলেও তিনি বিষয়টি এড়িয়ে যান বলে অভিযোগে উল্লেখ করা হয়েছে।

এ বিষয়ে প্রয়োজনীয় তদন্ত করে ব্যবস্থা নেওয়ার জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে আবেদন জানিয়েছেন বর্শিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আবুল কালাম।

গাংনীতে শিশু যৌন নির্যাতনের অভিযোগে কিশোর গ্রেপ্তার

মেহেরপুরের গাংনী উপজেলার গাড়াডোব গ্রামে ১২ বছর বয়সী এক শিশুকে যৌন নির্যাতনের অভিযোগে জুয়েল হোসেন (১৬) নামে এক কিশোরকে গ্রেপ্তার করেছে পুলিশ।

রবিবার দিবাগত মধ্যরাতে ওই এলাকায় অভিযান চালিয়ে পুলিশ তাকে গ্রেপ্তার করে। পরে তাকে সংশোধনাগারে পাঠানোর আবেদন জানিয়ে আদালতে পাঠানো হয়েছে।

গ্রেপ্তার জুয়েল হোসেন গাংনী পৌর এলাকার চৌগাছা গ্রামের পশ্চিমপাড়ার হাশেম আলীর ছেলে। ভুক্তভোগী শিশুটিও একই গ্রামের বাসিন্দা এবং স্থানীয় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের তৃতীয় শ্রেণির শিক্ষার্থী।

মামলার এজাহার সূত্রে জানা গেছে, গত ১৯ সেপ্টেম্বর শনিবার স্কুল বন্ধ থাকায় শিশুটি চৌগাছা এলাকার একটি পুকুরে মাছ ধরা দেখতে যায়। সেখানে জুয়েল হোসেন মাছ ধরছিলেন। শিশুটিকে দেখে তিনি তাকে ডাকেন এবং পাশের আমবাগানে গেলে সেদিন যত মাছ ধরবেন, সব মাছ তাকে দিয়ে দেওয়ার কথা বলেন। পরে শিশুটিকে আমবাগানের নির্জন স্থানে নিয়ে গিয়ে যৌন নির্যাতন করা হয় বলে এজাহারে অভিযোগ করা হয়েছে। এ ঘটনা কাউকে জানালে হত্যার হুমকি দেওয়া হয় বলেও এজাহারে উল্লেখ করা হয়েছে।

ভুক্তভোগীর পরিবার সূত্রে জানা যায়, ভয়ে শিশুটি প্রথমে বিষয়টি কাউকে জানায়নি। পরে অসুস্থ হয়ে পড়লে পরিবারের সদস্যরা তার কাছে বিষয়টি জানতে চান। একপর্যায়ে শিশুটি পরিবারের কাছে ঘটনার কথা জানায়। পরে স্বজনরা তাকে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এবং পরে মেহেরপুর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করেন। বর্তমানে শিশুটি সেখানে চিকিৎসাধীন রয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহাদ্দিদ মোর্শেদ চৌধুরী বলেন, শিশুকে যৌন নির্যাতনের অভিযোগ পাওয়ার পর পুলিশ দ্রুত অভিযান চালিয়ে গাড়াডোব এলাকা থেকে জুয়েল হোসেনকে গ্রেপ্তার করে। এজাহারে অভিযুক্তের বয়স ১৯ বছর উল্লেখ করা হলেও জন্মনিবন্ধন অনুযায়ী তার বয়স ১৬ বছর। তাকে সংশোধনাগারে পাঠানোর আবেদন জানিয়ে আদালতে পাঠানো হয়েছে।

ওসি আরও জানান, আসামিকে জিজ্ঞাসাবাদ করা হলে সে অভিযোগ স্বীকার করেনি। অভিযুক্তের বিরুদ্ধে বখাটেপনার অভিযোগ রয়েছে। আগামীকাল ভুক্তভোগীর জবানবন্দি নেওয়া হবে।

গাংনীতে ৮০ পিস ইয়াবাসহ আটক-১

মেহেরপুরের গাংনীতে অভিযান চালিয়ে ৮০ পিস ইয়াবাসহ সাকিব আল হাসান
(৩৭) নামে এক ব্যক্তিকে আটক করেছে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন এসআরবি-১২।

রোববার দুপুরে উপজেলার তেরাইল বাজার এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

আটক সাকিব আল হাসান গাংনী উপজেলার অলিনগর গ্রামের সাইফুল ইসলামের ছেলে।

এসআরবি-১২ প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে জানান, তেরাইল বাজার এলাকায় মাদক নিয়ে এক ব্যক্তি অবস্থান করছে—এমন গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালানো হয়। এ সময় সাকিব আল হাসানকে আটক করে তার কাছ থেকে ৮০ পিস ইয়াবা উদ্ধার করা হয়।

মেহেরপুর সিপিসি-৩, এসআরবি-১২ ক্যাম্পের কোম্পানি কমান্ডার সহকারী পুলিশ সুপার হান্নান হাওলাদার জানান, উদ্ধার করা ইয়াবাসহ আটক ব্যক্তির বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) সারণির ১০(ক) ধারায় মামলা করা হয়েছে। পরে তাকে গাংনী থানায় হস্তান্তর করা হয়।

স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এস আর বি) প্রতিষ্ঠাকালীন সময় থেকেই দেশের সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখার লক্ষ্যে সব ধরণের অপরাধীকে আইনের আওতায় নিয়ে আসার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করে যাচ্ছে। জঙ্গী, সন্ত্রাসী, সংঘবদ্ধ অপরাধী, ছিনতাইকারী, জুয়ারি, মাদক ব্যবসায়ী, খুন, এবং অপহরণসহ বিভিন্ন চাঞ্চল্যকর মামলার আসামী গ্রেফতারে এস আর বি নিয়মিত অভিযান চালিয়ে আসছে।